তারিখ ... 13 MAR 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

দৈনিক বাংলা

দৈনিক বাংলা

26

# চট্টগ্রাম ভার্সিটি ছাত্র নিহত ঃ আহত ২

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১২ই মার্চ।–অজ্ঞাতনামা দুষ্কৃতকারীদের ছুরিকাঘাতে ছাত্র শিবিরের একজন কর্মী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের এমএসসি শেষ পর্বের ছাত্র ফিরোজ মাহমুদ নিহত হয়েছেন।

(৪–এর পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

## চট্টগ্রামে ভার্সিটি ছাত্র

(প্রথম পৃষ্ঠার পর)

গতকাল রাত সাড়ে ১০টায় চট্টগ্রাম শহরের চকবাজারস্থ গুলজার সিনেমা হলের সামনে ৫/৬ জন দুষ্কৃতকারী একটি মাইক্রোবাসে করে এসে ফিরোজ মাহমুদ ও তার দুই সঙ্গী শামীম ও আজাদকে তুলে নেয় এবং উপর্যুপরি ছুরিকাঘাত করার পর ফিরোজ মাহমুদকে রাত ১১টায় কদমতলি রেল ক্রসিংয়ের কাছে ফেলে যায়। শামীম ও আজাদকে সারারাত চোখ বন্ধ করে আটকে রাখার পর আজ সকালে ছেড়ে দেয়া হয়।

এ ঘটনার পর শহরের সর্বত্র উত্তেজনা বিরাজ করে। সন্ধ্যা ৭টায় লালদীঘি ময়দানে ইসলামী ছাত্র শিবিরের উদ্যোগে মরহুমের নামাজে জানাযা অনুষ্ঠিত হয়। জানাযা শেষে একটি মিছিল শহর প্রদক্ষিণ করে।